



সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী সুনামগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com



স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০১.০০৮.২২. ২৭৮৫

তারিখঃ- ২১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর ক্যাম্পাসের গাছ “যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়” ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্র/নং	গাছের বিবরণ	মোট গাছের সংখ্যা (টি)	গাছ নং	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১.	মেহগনি	২২ টি	নিলামে বিক্রয়ের জন্য চিহ্নিত করা	
০২.	সেগুন	০১ টি	০১-২৩	

০১. নিলাম দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ১৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।

০২. নিলাম দরপত্র জমা দেয়ার স্থানঃ

(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), খিলক্ষেত, ঢাকা অথবা (খ) সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ এ রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩. নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ

একই দিন অর্থাৎ ১৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১২:০৫ ঘটিকার সময় (যেখানে দরপত্র দাখিল হবে সেই সকল স্থানে) অর্থাৎ পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা ও সুনামগঞ্জ পবিস, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলী :

০১. নিলাম দরপত্রের খামের উপরে “গাছের নিলাম দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে উপরোক্ত ছকে দর উল্লেখ পূর্বক পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করণসহ সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খাম সীলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
০২. নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
০৩. “গাছ” নিলামে ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেস্ট মানি “সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হিসাবে বিবেচনা করা হবে।
০৪. আগ্রহী নিলাম দরদাতাগণ সমিতির সদর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিলাম দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন এবং কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক গাছ পরিদর্শন করতে পারবেন।
০৫. অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
০৬. সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর সরকারী বিধি মোতাবেক ৫% (পাঁচ) হারে উৎসকর ও ৭.৫% (সাত দশমিক পাঁচ) হারে ভ্যাট নগদ/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেস্ট মানি বাবোয়াগু করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে নিয়মানুযায়ী আর্নেস্টমানি ফেরত প্রদান করা হবে।
০৭. সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
০৮. উল্লিখিত শর্ত বর্হিত্ত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) : সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে নোটিশ বোর্ডে টানানোর জন্য বিনীত অনুরোধ করা হলো।

০১. পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, সুনামগঞ্জ।
০৩. মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
০৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৬. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস ১/২/৩/৪।
০৭. নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, সুনামগঞ্জ।
০৮. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, সুনামগঞ্জ।
০৯. ডিজিএম (সদর-দপ্তর-কারিগরি)/ছাতক জোনাল অফিস।
১০. এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর/দিরাই/জগন্নাথপুর/দঃ সুনামগঞ্জ/তাহিরপুর/দোয়ারাবাজার সাব জোনাল অফিস।
১১. এজিএম(প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি), সুনামগঞ্জ পবিস।
১২. সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার/জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সুনামগঞ্জ পবিস (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ সহ)।
১৩. স্টোর কীপার, সুনামগঞ্জ পবিস।
১৪. নোটিশ বোর্ড, সুনামগঞ্জ।
১৫. অফিস কপি/মাস্টার কপি।

(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার